দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 31 1999
পৃষ্ঠা 2 কলাম ১

13

# রাজশাহী সেবা ইনস্টিটিউট বন্ধ ঘোষণা

**রাজশাহী, ৩০ জুলাই (সংবাদদাতা)** ॥ রাজশাহী মেডিক্যাল কলেজের আওতাধীন রাজশাহী সেবা ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার রাতে কর্তৃপক্ষের এক নোটিসে এই ঘোষণা দেয়া হয়। এর আগে ছাত্রী নার্সদের হোস্টেল ত্যাগ করার জন্য দু'দফা নোটিস জারির পর শুক্রবার সকাল ১০টার মধ্যে ছাত্রী নার্সদের হোস্টেল ত্যাগের চূড়ান্ত নির্দেশ দেয়া হয়।

সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, গত ১৮ জুন ইনস্টিটিউটের এক ছাত্রীর মৃত্যুকে কেন্দ্র করে তিন শিক্ষিকা সমস্ত ছাত্রী নার্সের চরিত্র সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেন। এর প্রতিবাদে ঐ তিন শিক্ষিকার অপসারণের দাবিতে ছাত্রী-নার্সরা ক্লাস ও কাজ বর্জন শুরু করে ১৮ জুলাই থেকে। ইতোমধ্যে ছাত্রী নার্সদের সাথে কর্তৃপক্ষের কয়েক দফা সমঝোতা প্রচেষ্টা ব্যর্থ হবার পর ইনস্টিটিউটটি বন্ধ ঘোষণা করা হয়। অন্য দিকে শুক্রবার সকাল ১০টার পূর্বেই কর্তৃপক্ষ কর্তৃক ২ শতাধিক মেয়েকে পুলিশের সহায়তায় জোরপূর্বক হোস্টেল থেকে বের করে দেয়ার অভিযোগ পাওয়া গেছে।